গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
# ইসলামিক ফাউন্ডেশন
লালমনিরহাট জেলা কার্যালয়।

স্মারক নং: ১৬.০১.৫২০০.০২২.১৫.০০১.২৫./৬০২ (২) তারিখঃ ০৪ ভাদ্র-১৪৩৩ বঙ্গাব্দ / ১৯ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## ইমাম প্রশিক্ষণ বিজ্ঞপ্তি

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

ইমাম প্রশিক্ষণ একাডেমি, দিনাজপুরে ২০২৬-২৭ অর্থ বছরে ৪৫ দিন ব্যাপি নিয়মিত ইমাম প্রশিক্ষণের ২য় ব্যাচের ইমাম প্রশিক্ষণ ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ শুরু হবে ইনশাআল্লাহ। নিয়মিত ইমাম প্রশিক্ষণ ২য় ব্যাচের জন্য লালমনিরহাট জেলার প্রকৃত ইমাম/ মুয়াজ্জিনগণের নিকট হতে আগামী ০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে স্বহস্তে / নির্ধারিত ফরমে (ওয়েবসাইটে দেওয়া আছে) দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনকৃত ইমাম ও মুয়াজ্জিণগণের প্রাথমিক বাছাই/ সাক্ষাৎকার আগামী ০২ সেপ্টেম্বর-২০২৬ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র,লালমনিরহাট-এ উপ-পরিচালকের অফিস কক্ষে (২য় তলা) অনুষ্ঠিত হবে।

**২। ভর্তির যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্র :**

ক) শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে দাখিল বা সমমানের মাদ্রাসা পরীক্ষায় পাশ (হাফেজ ও ক্বারীদের ক্ষেত্রে বাংলা ভাষায় ভাল জ্ঞান থাকলে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য)।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। তবে চুড়ান্ত বাছাইয়ের সময় সকল শিক্ষাগত সনদের মুলকপি, সনদ না পেয়ে থাকলে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মুল প্রশংসাপত্র বাছাই কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

গ) বয়সসীমা ২০-৫০ বছর এবং সুস্থ ও সবল দেহের অধিকারী হতে হবে ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ইমামতির স্বপক্ষে প্রদত্ত প্রমাণ পত্র দাখিল করতে হবে।

ঙ) ইমামতিতে নিয়োজিত আছেন তা নিশ্চিত হয়ে প্রাথমিকভাবে মনোনিত হওয়ার পর চুড়ান্ত বাছাই হওয়া স্বাপেক্ষে জেলা কার্যালয় থেকে সরবরাহকৃত নির্ধারিত ফরমে মসজিদ কমিটির সভাপতি/সেক্রেটারির নিকট থেকে ৪৫ দিনের ছুটির আবেদন পত্র দাখিল করতে হবেএবং প্রশিক্ষণ চলাকালিন হোস্টেলে অবস্থান করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ইমামদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র জমা দিতে হবে।

চ) ১ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দরখাস্তের সাথে জমা দিতে হবে। ২ কপি পাসপোর্ট সাইজ ছবি ইমাম প্রশিক্ষণের সময় সংশ্লিষ্ট একাডেমিতে জমা দিতে হবে। অসম্পুর্ণ আবেদন বাতিলযোগ্য।

ছ) বিনামুল্যে ভর্তির ফরম সরবরাহ করা হয় এবং ভর্তি হওয়ার জন্য কোন ফি বা বিনিময় দিতে হয় না। তবে ইমামদের কল্যাণে গঠিত ইমাম মুয়াজ্জিণ কল্যাণ ট্রাস্টের প্রতি মাসে ২০/- টাকা হারে ১ বছরের চাঁদা দিয়ে সদস্যপদ লাভ করতে হবে।

জ) জেলা কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ ডিএ প্রদান করা হবে না।

ঝ) ইমাম নয় এমন ব্যাক্তি প্রাথমিকভাবে মনোনিত হওয়ার সুযোগ নাই। ভর্তি হওয়ার পর যদি কোনভাবে প্রমান হয় যে, প্রশিক্ষনার্থী প্রকৃত ইমাম নন তবে সাথে সাথে তাঁর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঞ)প্রশিক্ষণার্থী ইমামদের দৈনিক প্রশিক্ষণ ভাতা ও যাতায়াত ভাতা বিকাশ এ্যাকাউন্টের মাধ্যমে পরিশোধ করা হবে। এজন্য প্রশিক্ষণার্থী প্রত্যেক ইমামের নিজ NID দিয়ে নিজ মোবাইল নম্বরে অবশ্যই সচল বিকাশ এ্যাকাউন্ট থাকতে হবে এবং বিকাশ এ্যাকাউন্ট সম্বলিত মোবাইল নম্বর দরখাস্তে উল্লেখ করতে হবে।

19.08.26

(রেজাউল করিম)
উপ-পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
লালমনিরহাট।
ফোনঃ ০২৫৮৯৯৮৬৭৭৩
Email: islamicfoundationlalmonirhat@gmail.com

বরাবর

উপ- পরিচালক
ইমাম প্রশিক্ষণ একাডেমী
ইসলামিক ফাউন্ডেশন
উত্তর গোবিন্দপুর, সদর দিনাজপুর ।

মাধ্যম ঃ উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট।

**বিষয় ঃ ৪৫ দিন ব্যাপী নিয়মিত ইমাম প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ প্রসংগে ।**

জনাব,

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

ইসলামিক ফাউন্ডেশন-এর ইমাম প্রশিক্ষণ একাডেমীর আওতায় পরিচালিত ৪৫ দিনব্যাপী ইমাম প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য আমি নিম্নেবর্ণিত তথ্য সরবরাহপূর্বক বিণীত আবেদন করছি।

১। নাম ঃ

২। পিতার নাম ঃ

৩। মাতার নাম ঃ

৪। স্থায়ী ঠিকানা - গ্রাম ঃ ডাকঘরঃ

উপজেলা ঃ জেলাঃ

৫। বর্তমান ঠিকানা - গ্রাম ঃ ডাকঘরঃ

উপজেলা ঃ জেলা :

৬। জন্ম তারিখ ঃ বয়স ঃ

৭। জাতীয়তা ঃ বাংলাদেশী ধর্ম ঃ ইসলাম (সুন্নী)

৮। শিক্ষাগত যোগ্যতা -

| ক্রম | পরীক্ষার নাম | শাখা/বিষয় | বোর্ড | পাসের সন | জিপিএ/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

৯। মসজিদের পূর্ণাঙ্গ ঠিকানা - নামঃ

গ্রামঃ ডাকঘরঃ

উপজেলাঃ

মোবাইল ঃ

অতএব মহোদয় সমীপে আরজ উপরোক্ত বিষয়াদী বিবেচনা করে আমাকে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগদানে আপনার একান্ত সুমর্জি কামনা করছি।

বিনীত নিবেদক

সংযুক্তিঃ

ক) পাসপোট সাইজের সত্যায়িত ছবি ০১ টি,ষ্টাম্প সাইজ ছবি ২ টি ।

খ) পৌরসভা/ ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ইমামতির সনদ পত্র ১ টি।

গ) মসজিদ কমিটির নিকট থেকে ৪৫ দিনের ছুটির অনুমোদনপত্র ১ টি।

ঘ) শিক্ষ্যাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত ফটোকপি ১ কপি করে ।

ঙ) ভোটার আইডি কাডের ফটোকপি ০১ টি